



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

কলেজ শাখা

Website : bise-ctg.gov.bd

স্মারক নম্বর: চশিবো/ ক-শা/ বিষয়-বিভাগ/৪৭৫/১৮ (অংশ-১)/৭২৫৯ (ক)

তারিখ: ০৭/০৬/২০২২খ্রি:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ও online এ eSIF কৃত শিক্ষার্থীদের মধ্যে বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের আবেদন (অত্র নোটিশের সাথে সংযুক্ত আবেদন ফরমে) আগামী ২০/০৬/২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর ফিসহ জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ কর্তৃক সকল আবেদন যাচাই-বাছাই করে আবেদনসমূহ অধ্যয়নপত্রসহ আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় দাখিল করতে হবে। প্রত্যেক আবেদনের সাথে বিষয় পরিবর্তনের প্রতিজন ৪০০/- (চারশত) টাকা ফি-এর রশিদসহ নিম্নোক্ত প্রমাণক যুক্ত করতে হবে।

- (১) সংশ্লিষ্ট ছাত্রের eSIF এর প্রিন্ট আউটের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি।
- (২) সংশ্লিষ্ট ছাত্রের এসএসসি ট্রান্সক্রিপ্টের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত)।
- (৩) বিষয় পরিবর্তন ফি বাবদ ৪০০/- টাকা (প্রতি শিক্ষার্থী) সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে সংশ্লিষ্ট শাখার রশিদ জমা দিতে হবে।

বি. দ্র :-

ক) অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।

খ) আবেদনকৃত শিক্ষার্থীদের চাহিত বিষয় বর্তমান অধ্যয়নরত (ভর্তি ও eSIF-কৃত) কলেজে অনুমোদন থাকতে হবে।

গ) বিষয় পরিবর্তনের ক্ষেত্রে NCTB কর্তৃক প্রণীত বিষয় কাঠামো ও গুচ্ছ কঠোরভাবে অনুসরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মোঃ জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

E-mail : ic@bise-ctg.gov.bd



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

Website: www.bise-ctg.gov.bd



----- শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের আবেদন ফরম :

- ১। শিক্ষার্থীর নাম (বাংলায়) :-----
 পিতার নাম :----- মোবাইল নম্বর :-----
 মাতার নাম :-----
 SSC পাশের সন :----- SSC পাশের বোর্ড :----- SSC সেশন :-----
 রেজি: নম্বর (SSC) :----- SSC পাশের রোল নম্বর :-----
- ২। eSIF কৃত (রেজিস্ট্রেশন) কলেজের নাম (ইংরেজী বড় অক্ষরে) :-----
- ৩। শিক্ষার্থীর একাদশ শ্রেণীতে ভর্তির সেশন :----- শ্রেণী রোল নম্বর :-----
- ৪। eSIF অনুযায়ী আবেদনকারীর পঠিত বিভাগ (গ্রুপ) : বিজ্ঞান / মানবিক / ব্যবসায় শিক্ষা (চিহ্ন দিতে হবে)
- ৫। eSIF অনুযায়ী আবেদনকারীর পঠিত বিষয়সমূহ : (১) বাংলা, (২) ইংরেজী ও (৩) ICT
 (৪)----- (৫)----- (৬)----- (৭)----- (৪র্থ বিষয়)
- ৬। শিক্ষার্থী ছাড়পত্রের মাধ্যমে কলেজ/বোর্ড পরিবর্তন করেছে কিনা : হ্যাঁ / না
- ৭। আবেদনকারী যে বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক (নিম্নোক্ত ছক মোতাবেক উল্লেখ করতে হবে)

বর্তমান পঠিত যে বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক		চাহিত বিষয়	
শাখা ভিত্তিক আবশ্যিক বিষয় ও কোড	শাখা ভিত্তিক ৪র্থ বিষয় ও কোড	শাখা ভিত্তিক আবশ্যিক বিষয় ও কোড	শাখা ভিত্তিক ৪র্থ বিষয় ও কোড

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

৮। eSIF কৃত (রেজিস্ট্রেশন) কলেজের অধ্যক্ষের প্রত্যয়ন :-

কলেজের নাম :----- কলেজের EINN:-----
 আবেদনকারী শিক্ষার্থী অত্র কলেজে ----- শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তি হয়েছে। এই কলেজে তার eSIF পূরণ করা হয়েছে। শিক্ষার্থীর আবেদনে উল্লিখিত তথ্যসমূহ সঠিক। শিক্ষার্থীর চাহিত বিষয় এই কলেজে বোর্ড কর্তৃক অনুমোদিত আছে। চাহিত বিষয় শাখা ভিত্তিক NCTB প্রদত্ত সংশোধিত বিষয় কাঠামো অনুযায়ী সঠিক আছে। শিক্ষার্থীর আবেদন বিবেচনার জন্য সুপারিশ করছি।

অধ্যক্ষ এর স্বাক্ষর ও তারিখ (সীলসহ)

নির্দেশনাবলী :

- ১। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী বিষয় পরিবর্তনে ইচ্ছুক সে সকল শিক্ষার্থী কলেজ অধ্যক্ষ বরাবর ফিসহ আবেদন দাখিল করার সময়সীমা ১০/০৬/২০২২ থেকে ২০/০৬/২০২২ পর্যন্ত। কলেজ অধ্যক্ষ কর্তৃক সকল আবেদন গ্রহণ করে যাচাই-বাছাই পূর্বক ফরওয়ার্ডিংসহ একসাথে আগামী ৩০/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে সকল আবেদন, ফি ও আনুষ্ঠানিক কাগজপত্রসহ বোর্ডের কলেজ শাখায় দাখিল করতে হবে।
- ২। বিষয় পরিবর্তন বোর্ড ফি-৪০০/- টাকা (প্রতি শিক্ষার্থী) সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে সোনালী ব্যাংক, বহুদার হাট শাখা, চট্টগ্রাম এ (বোর্ড ভবনের নীচতলায় ব্যাংক বুথে উক্ত ফি জমা দেয়া যাবে) জমা দিতে হবে।
- ৩। শিক্ষার্থী যে কলেজে eSIF পূরণ (বিষয় রেজিস্ট্রেশন) করেছে সেই কলেজ ছাড়া বদলীকৃত কলেজে বিষয় পরিবর্তন করা যাবে না।
- ৪। আবেদনের সাথে সংশ্লিষ্ট অধ্যক্ষ কর্তৃক eSIF এর সত্যায়িত ফটোকপি, এসএসসি পাসের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, ফি জমাদানের শাখার কপি জমা দিতে হবে।
- ৫। অনিয়মিত শিক্ষার্থীরা বিষয় পরিবর্তনের আবেদন করতে পারবে না এবং বোর্ড নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ৬। eSIF কৃত কলেজে অনুমোদিত নয় এমন কোন বিষয়ের জন্য আবেদন করা যাবে না।

কলেজ পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
 চট্টগ্রাম।